

28 APR 1987

তাৰিখ

পঞ্চা

কলা

দেশিক ইন্ডিয়াবি

158

উপজেলা পরিক্রমা বাঞ্ছারামপুর

আস্থানিক জেলার ঐতিহ্যবাহী উপজেলার নাম বাঞ্ছারামপুর উপজেলা। সোকসংখ্যা ২,২২,৮০৫ জন। এর মধ্যে পুরুষ জনসংখ্যা ১,১৪,০৮৩ জন, মহিলা ১,০৮,৮২২ জন। বাঞ্ছারামপুর উপজেলায় গ্রামের সংখ্যা ১১৬টি। আয়তন ৮০ বর্গমাইল। পোস্ট অফিস ১৬টি, ব্যাংক ৯টি।

যোগাযোগ ব্যবস্থা
বাঞ্ছারামপুর উপজেলার প্রধান সমস্যা হলো যোগাযোগ ব্যবস্থা। উপজেলা সদরে বিভিন্ন ইউনিয়নের সাথে সুস্থ সড়ক যোগাযোগ ব্যবস্থা নেই। সলিমাবাদ হতে ঝুনুচরের অসমাপ্ত রাস্তাটি আজও শেষ হয়নি। এ উপজেলা, লক্ষ যোগাযোগের বিশেষ অসুবিধা। মরিচাকালি ও উজানচর লক্ষণাটে যেতে হলে ৭ মাইল ও ৩ মাইল হেঁটে যেতে হয়। অধিকাংশ ইউনিয়নের রাস্তাগুলো কাটা ও চলাচলের অনুপযোগী। অধিকাংশ রাস্তাই বর্ষার সময় ভেঙে যায়। ফলে উপজেলা সদরে ও হাটবাজারসহ শিক্ষা প্রতিষ্ঠানে যোগাযোগ প্রায় বিচ্ছিন্ন হয়ে পড়ে।

শিক্ষা ব্যবস্থা
বাঞ্ছারামপুর উপজেলায় ১টি ডিগ্রী কলেজ, ১টি গার্লস স্কুল, ১১টি মাধ্যমিক উচ্চ বিদ্যালয় ও ১১টি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। শিক্ষা কেন্দ্রে এ উপজেলা পিছিয়ে আছে। প্রায় প্রতিষ্ঠানে শিক্ষক স্বল্পতাই প্রধান সমস্যা। দীর্ঘদিন ধরে তাতুয়াকালি, হায়দনগর, মীরপুর, হোগলাকালি। প্রাথমিক বিদ্যালয়ে

শিক্ষকের অভাবে লেখাপড়া ব্যাহত হচ্ছে। প্রাথমিক বিদ্যালয়গুলোতে প্রয়োজনীয় আসবাবপত্রের অভাব রয়েছে।

হাটবাজার
বাঞ্ছারামপুর উপজেলায় মোট ১৭টি বাজার আছে। দীর্ঘদিন সংস্কারের অভাবে উপজেলার হাটবাজারগুলোর অবস্থা অত্যন্ত কঙ্কণ। বাজারগুলোর প্রধান সমস্যা হলো স্থান সংকট, পানির সংকট, পর্যাপ্তালীর অবস্থা, রাস্তাঘাটের দুরবস্থা, মালামাল পরিবহনে অচলাবস্থা।

চিকিৎসা ব্যবস্থা
৬ জন ডাক্তার দ্বারা উপজেলা হাসপাতালটি পরিচালিত। হাসপাতালের বিছানাগুলোর অবস্থা অত্যন্ত কঙ্কণ। হাসপাতালের ছাদ দিয়ে পানি পড়ে। মশারীর ব্যবস্থা না থাকায় গ্রোগী মশারী কামড়ে অস্থির হয়ে যায়। হাসপাতালে প্রয়োজনীয় ওষুধ না থাকায় অধিকাংশ সময় গ্রোগীদের বাইরে থেকে ওষুধ কিনতে হয়।

কৃষি ব্যবস্থা
বাঞ্ছারামপুর উপজেলা শতকরা ৮০ জন লোকই কৃষির উপর নির্ভরশীল। এ উপজেলার প্রধান ফসল ধান, পাট, আলু ইত্যাদি।

বিদ্যুৎ ব্যবস্থা
এ উপজেলায় বিদ্যুৎ ব্যবস্থায় তেমন উন্নত নয়। উপজেলার অধিকাংশ গ্রামে বিদ্যুৎ সরবরাহ করা হয়নি। বিদ্যুৎ না থাকার ফলে কৃষকরা চাষাবাদের জন্ম গতীর নলকৃপ ব্যবস্থা করতে পারছে না।